"শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ"

নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি
সুটিপাড়া, নীলফামারী।

দরপত্র বিজ্ঞপ্তি

নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব অর্থায়নের আওতায় উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে নিম্নোক্ত মালামাল সমূহ ক্রয়ের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত প্রস্তুতকারী/হোলসেলার/ সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তবলী প্রতিপালন সাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীলগালাযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে ।

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>ক্রয়তব্য মালামালের বিবরণ</th><th>পরিমাণ</th><th>দরপত্র দলিলের মূল্য (টাকা)</th><th>দরপত্র জামানতের পরিমান (টাকা)</th><th>দরপত্র দলিল ক্রয় ও দাখিলের স্থান</th><th>দরপত্র দলিল বিক্রয়ের তারিখ, সময়সূচী ও স্থান</th><th colspan="2">দরপত্র গ্রহন ও খোলার সময়সূচী</th></tr>
<tr><td>০১</td><td>কম্পিউটারাইজ বিদ্যুৎ বিল ফরম</td><td>দরপত্র দলিলের বর্ণনা অনুযায়ী</td><td>৫০০/-</td><td>৫৭,০০০/-</td><td rowspan="4">০১॥ নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি, সুটিপাড়া, নীলফামারী।
০২॥ পরিচালক, পবিস উঃ ও পঃ (উঃ) পরিদপ্তর, বাপবিবো, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।</td><td rowspan="4">২৭/০৭/১৭ ইং তারিখ রোজ বৃহস্পতিবার বার হতে ১৬/০৮/১৭ইং তারিখ রোজ বুধবার অফিস চলাকালীন সময় পর্যন্ত</td><td>গ্রহণ</td><td>খোলা</td></tr>
<tr><td>০২</td><td>মুদ্রন মালামাল</td><td>ঐ</td><td>৫০০/-</td><td>১৫,০০০/-</td><td rowspan="3">১৭/০৮/১৭ ইং তারিখ রোজ বৃহস্পতিবার বার দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত</td><td rowspan="3">১৭/০৮/১৭ ইং তারিখ রোজ বৃহস্পতিবার বার দুপুর ১২:৩০ ঘটিকা</td></tr>
<tr><td>০৩</td><td>স্টেশনারী মালামাল</td><td>ঐ</td><td>৫০০/-</td><td>১৭,০০০/-</td></tr>
<tr><td>০৪</td><td>ট্রান্সফরমার মেরামতের হার্ডওয়্যার মালামাল।</td><td>ঐ</td><td>৫০০/-</td><td>২৪,০০০/-</td></tr>
</table>

শর্তাবলী ঃ

১॥ দরপত্র বিজ্ঞপ্তির বিস্তারিত বিবরণ নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট **http://www.nilphamaripbs.org** থেকে এবং বাপবিবোর্ডের ওয়েব সাইট **http://reb.gov.bd** থেকে ডাউন লোড করে জানা যাবে ।

২॥ আগ্রহী দরদাতাগণকে উল্লেখিত ওয়েব সাইট সমূহে প্রকাশিত দরপত্র বিজ্ঞপ্তির বর্ণনা অনুযায়ী যথাসময়ে দরপত্র সিডিউল ক্রয় করতে হবে। অতঃপর দরপত্র দলিলের শর্তাবলী যথাযথভাবে প্রতিপালন সাপেক্ষে নিম্নস্বাক্ষরকারী বরাবর উপরোল্লিখিত ছকে বর্ণিত ঠিকানায় দরপত্র দাখিলের জন্য অনুরোধ করা হলো।

৩॥ আগ্রহী দরদাতাগণকে নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে বাংলাদেশের যে কোন তফসিলী ব্যাংক হতে প্রতিটি দরপত্রের জন্য পৃথকভাবে ৫০০/- (পাঁচ শত) টাকার (অফেরৎযোগ্য) পে-অর্ডার/ ব্যাংক ড্রাফ্‌ট সংযুক্ত করতঃ নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি এর জেনারেল ম্যানেজার অথবা পরিচালক, পবিস উঃ ও পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ বরাবর নিজস্ব লেটার হেড প্যাডে দরপত্র দলিল ক্রয়ের আবেদন করতে হবে। অতঃপর দরদাতাগণকে দরপত্র দলিলের যাবতীয় শর্তাবলী যথাযথভাবে পূরণ পূর্বক নির্ধারিত তারিখের মধ্যে নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, সুটিপাড়া, নীলফামারী অথবা পরিচালক, পবিস উঃ ও পঃ (উত্তর অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ দরপত্র দলিল দাখিল করতে হবে। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ / গ্রহণ করা হবে না। এছাড়া বিলম্বে দাখিলকৃত দরপত্র বাতিল হিসেবে বিবেচনা করে তা না খুলেই দরপত্র দরদাতাকে ফেরৎ প্রদান করা হবে।

৪॥ দরপত্র উপরে বর্ণিত সময় সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস সময়ে ব্যক্তিগতভাবে নীলফামারী পবিস এর সদর দপ্তর, সুটিপাড়া, নীলফামারী অথবা পরিচালক, পবিস উঃ ও পঃ (উত্তর অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। দরপত্রের সাথে **"নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি"** এর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসিলী ব্যাংক হতে **ক্রমিক-০১ এর জন্য ৫৭,০০০/-(সাতান্ন হাজার) টাকার, ক্রমিক-০২ এর জন্য ১৫,০০০/-(পনের হাজার) টাকার, ক্রমিক নং-০৩ এর জন্য ১৭,০০০/-(সতের হাজার) টাকার এবং ক্রমিক নং-০৪ এর জন্য ২৪,০০০/-(চব্বিশ হাজার) টাকার** পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্‌ট দরপত্র জামানত হিসাবে সংযুক্ত করতে হবে। দাখিলকৃত সকল দরপত্র সমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী একই সাথে নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, সুটিপাড়া, নীলফামারী এবং পরিচালক, পবিস উঃ ও পঃ (উত্তর অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এর দপ্তরে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ থাকেন) খোলা হবে।

৫॥ দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিষ্ট্রেশন, আয়কর সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যাংক সলভেন্সী সনদ ও অভিজ্ঞতার সনদ (যদি থাকে) এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

৬॥ দাখিলকৃত দরপত্র সমূহ যথাযথভাবে মূল্যায়নের পর কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য ১ম সর্বনিম্ন রেস্পনসিভ দরদাতার অনুকূলে কার্যাদেশ প্রদানের মাধ্যমে বর্ণিত মালামাল সংগ্রহ করা হবে। মালামাল সরবরাহকারীগণকে নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন পূর্বক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে সরবরাহকৃত মালামালের মূল্য যথারীতি পরিশোধ করা হবে।

৭॥ সফল দরদাতা কর্তৃক যথাসময়ে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য বিলম্বে সরবরাহকৃত মালামালের কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে জরিমানা কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

৮॥ দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭(সাত) দিন পূর্বে জেনারেল ম্যানেজার , নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি, সুটিপাড়া, নীলফামারী বরাবর লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

৯॥ কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক মালামাল সরবরাহের ক্ষেত্রে নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের নিকট কোনরূপ গাফলতি পরিলক্ষিত হলে উক্ত প্রতিষ্ঠানকে নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতির যাবতীয় ক্রয়কার্যে অযোগ্য ঘোষনার প্রক্রিয়া করা হবে।

১০॥ নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/ সকল দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১১॥ শর্তাবলীতে উল্লেখ নাই এমন যেকোন বিষয় নিষ্পত্তির ক্ষেত্রে নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

জেনারেল ম্যানেজার
নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি
টেলিফোন নং-০৫৫১-৬১৬৪১।